

উপজেলা যুব ও ক্রীড়া সম্পর্কিত স্ট্যান্ডিং কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মো: শফিউল ইসলাম, ভাইস চেয়ারম্যান, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।
 সভারস্থান : উপজেলা ভাইস চেয়ারম্যানের সভাকক্ষে।
 সভার তারিখ : ২৫/১১/২০২১ সময়- বেলা-১১.০০টা,।
 সভার উপস্থিতি : পরিশিষ্ট "ক"।

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা কে সভার আলোচ্যসূচি মোতাবেক সভা পরিচালনা করার জন্য অনুরোধ করেন।

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় উপস্থিত উপজেলা ভাইস চেয়ারম্যান ও উপস্থিত সকল সদস্যদের শুভেচ্ছা জ্ঞাপন করেন। এরপর সভার আলোচ্যসূচি ধারাবাহিকভাবে আলোচনা করেন এবং আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় :

আলোচ্যসূচি- ০১ : বিগত সভার কার্যবিবরণি পঠন ও অনুমোদন।

উপজেলা যুব উন্নয়ন কর্তৃক বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কোন সংশোধনী না থাকায় গত সভার কার্যবিবরণী সভায় সর্বসম্মতিক্রমে দৃষ্টীকরণ করা হয়।

০২। বিভাগীয় আলোচনা :

ক্রমঃ	আলোচ্য সূচি ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় বলেন যে, তার দপ্তরে ভ্রাম্যমান অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ ও ঋণ কার্যক্রম চলমান আছে। চলতি অর্থ বছরে রাজস্বখাতের আওতায় বিভিন্ন কার্যক্রম চলমান আছে। চলতি অর্থবছরে ভ্রাম্যমান অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা ৪২০ জন নির্ধারণ করা হয়েছে। জাতীয় শোকদিবস ১৫ই আগস্ট উপলক্ষে ৫,২০,০০০/-টাকা ঋণ বিতরণের প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। ঋণ আদায়ে হার ক্রমপঞ্জিত ৮০%। কমিটির সভাপতিসহ সকল সদস্যগণ অত্র উপজেলায় যুব কার্যক্রমকে আর গতিশীল করার জন্য যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ জানান।	বিস্তারিত আলোচনান্তে ঋণ কার্যক্রম সঠিকভাবে বিতরণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। ভ্রাম্যমান অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কার্যক্রম গতিশীল করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।
০২	জনাব মো: শফিউল ইসলাম, ভাইস চেয়ারম্যান সভায় বলেন যে, বেকার যুব ও যুবমহিলাদের মাধ্যমে প্রশিক্ষণের মাধ্যমে ঋণ প্রদান করতে হবে এবং ঋণ আদায় জোরদার করতে হবে। এ বিষয়ে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে পরামর্শ প্রদান করেন।	ঋণ আদায় জোরদার করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।
০৩	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় আরও বলেন যে, শিক্ষিত বেকার যুব ও যুব মহিলাগণ কারিগরি ও দক্ষতা বৃদ্ধি ও আত্মকর্মী হয়ে প্রত্যক্ষ ও পরোক্ষ কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে "যুবদের আত্মকর্মসংস্থান সৃষ্টি ও দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে মোবাইল সার্ভিসিং প্রশিক্ষণ" বিষয়ক উপ-প্রকল্পটি বাস্তবায়ন করা জরুরী।	জিওবি ও জাইকা এর অর্থায়নে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের মাধ্যমে উপ-প্রকল্পটি বাস্তবায়নের জন্য মাসিক সভায় উপস্থাপনের জন্য যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(জনাব মো: শফিউল ইসলাম)

ভাইস চেয়ারম্যান

সুন্দরগঞ্জ উপজেলা পরিষদ


সুন্দরগঞ্জ, গাইবান্ধা।

স্মারক নং-৩৪.০১.৩২৯১.০০০.০১৪.২৫১.২১-৫৮

তারিখঃ ২৯/১১/২০২১খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো

- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।
- ০২। উপজেলা.....কর্মকর্তা, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।
- ০৩। চেয়ারম্যান.....(সকল)ইউনিয়ন, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।
- ০৪। অ/ক।



(জাফর আহমেদ লস্কর)

সদস্য সচিব

ও

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
সুন্দরগঞ্জ, গাইবান্ধা।

পরিশিষ্ট “ক”

উপজেলা যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কমিটির সভায় উপস্থিত সদস্যগণের হাজিরা

স্থান : উপজেলা ভাইস চেয়ারম্যানের অফিস কক্ষ ।

তারিখ- ২৫/১১/ ২০২১ খ্রীঃ ।

সময়- বেলা ১১.০০টা

ক্রমিকনং	নাম	পদবী	স্বাক্ষর
০১	জনাব শফিউল আলম	ভাইস চেয়ারম্যান, সুন্দরগঞ্জ উপজেলা পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা ।	স্বাক্ষরিত
০২	মিজানুর রহমান	চেয়ারম্যান, রামজীবন ইউপি, সুন্দরগঞ্জ, গাইবান্ধা ।	স্বাক্ষরিত
০৩	মোঃ আতাউর রহমান	উপজেলা সমবায় অফিসার, সুন্দরগঞ্জ, গাইবান্ধা ।	স্বাক্ষরিত
০৪	সুমী কায়সার	উপজেলা সমাজসেবা অফিসার, সুন্দরগঞ্জ, গাইবান্ধা ।	স্বাক্ষরিত
০৫	জাফর আহমেদ লস্কর	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা , সুন্দরগঞ্জ, গাইবান্ধা ।	স্বাক্ষরিত

